গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।
hajiganj@uhfpo.dghs.gov.bd

স্মারক নং উঃস্বাঃকমঃ /হাজী/চাঁদ/২২/ তারিখ ঃ ১১/০৮/২০২২ খ্রিঃ

## উম্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (ওটিএম)

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ,হাজীগঞ্জ, চাঁদপুর এর ২০২২-২০২৩ খ্রিঃ আর্থিক বৎসরে উন্নয়ন ও অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় পথ্য সামগ্রী, মনোহারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ এবং লিলেন ধোলাই সেবা সরবরাহের নিমিত্তে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সংশোধনী-২০১৯) মোতাবেক উন্মুক্ত (ওটিএম) পদ্ধতিতে অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের শর্তাবলী ও নিয়মাবলী অনুযায়ী গ্রুপওয়ারী পৃথক পৃথকভাবে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| ০২ | বাজেট/বরাদ্দের উৎস | ঃ | রাজস্ব/উন্নয়ন বাজেট বরাদ্দ। |
| ০৩ | সংগ্রাহক সত্তার নাম | ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ০৪ | দরপত্র ক্রয় সংগ্রহের পদ্ধতি | ঃ | উন্মুক্ত (ওটিএম) দরপত্রের মাধ্যমে (বিধিমালা ৩০ মতে) দরপত্র সিডিউলের সহিত সংযুক্ত আরোপিত শর্তাবলী অনুসরণপূর্বক। |
| ০৫ | দরপত্র প্যাকেজ (গ্রুপ) এর নাম | ঃ | (ক) পথ্য (খ) মনোহারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ (গ) লিনেন ধোলাই। |
| ০৬ | দরপত্র দাতা/ ঠিকাদারের যোগ্যতা | ঃ | পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ (সংশোধনী-২০১৯) অনুযায়ী যোগ্য দরপত্র দাতা। সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে (ক) পথ্য (খ) মনোহারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ (গ) লিনেন ধোলাই ঠিকাদার / সরবরাহকারী প্রতিষ্ঠান) । |
| ০৭ | দরপত্রের মূল্য | ঃ | (ক) পথ্য-৭৫০/-(সাতশত পঞ্চাশ) (খ) মনোহারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ এবং (গ) লিলেন ধোলাই ৪০০/-(চারশত) টাকা (ট্রেজারী চালানের মাধ্যমে)। ট্রেজারী চালানের কোডনং ১- ২৭১১- ০০০০- ২৩৬৬ সোনালী ব্যাংক, আলীগঞ্জ, হাজীগঞ্জ শাখা , চাঁদপুর। |
| ০৮ | দরপত্রের নিরাপত্তা জামানত | ঃ | গ্রুপ ক) পথ্য- ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, গ্রুপ(খ) মনোহারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ এবং (গ) লিলেন -ধোলাই ৩০,০০০/-(ত্রিশহাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে (যাহা ফেরত যোগ্য)। |
| ০৯ | দরপত্র প্রাপ্তি/ বিক্রির স্থান | ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর । |
| ১০ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | ঃ | দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর হতে ০৪/০৯/২০২২খ্রিঃ তারিখ অফিস সময় কালীন পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)। |
| ১১ | দরপত্র জমা/দাখিলের স্থান | ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর এর কার্যালয় এবং অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা, জেলা-চাঁদপুর এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে। |
| ১২ | দরপত্র দাখিল / গ্রহণের শেষ তারিখ ও সময় | ঃ | ০৫/০৯/২০২২ খ্রিঃ বেলা ১২ঃ০০ ঘটিকা । |
| ১৩ | দরপত্র খোলার তারিখ ও স্থান | ঃ | ০৫/০৯/২০২২খ্রিঃ বেলা ১ঃ০০ ঘটিকা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, হাজীগঞ্জ,চাঁদপুর এর সভাকক্ষ (সংশ্লিষ্ট দর দাতাগনের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) । |
| ১৪ | দরপত্রের মেয়াদ | ঃ | ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য বলবৎ থাকিবে এবং পরবর্তী ঠিকাদার নির্বাচিত না হওয়া পর্যন্ত । |
| ১৫ | যোগাযোগের মাধ্যম | ঃ | মোবাইলনং- ০১৭৫৫-৬৬০৭৮৮ / ই-মেইল-hajiganj@uhfpo.dghs.gov.bd |

**শর্তাবলী/ নিয়মাবলী ঃ-**

১। দরপত্র দাখিলের সময় দরপত্র ফরমের সংগে (ক) হালনাগাদ (২০২২-২৩) ট্রেড লাইসেন্স (খ) আয়কর সনদ (২০২১-২২) (গ) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ (ঘ) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ (ঙ) ভোটার আইডি কার্ড (জাতীয় পরিচয়পত্র) সত্যায়িত ফটোকপি (চ) সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (ছ) যে কোন সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে বিগত পাঁচ বৎসরের মধ্যে সরবরাহ কাজের অভিজ্ঞতা সনদ।

২। দরপত্র সিডিউল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা , হাজীগঞ্জ, চাঁদপুর এর বরাবরে নির্ধারিত গ্রুপ ভিত্তিক আলাদা আলাদা ভাবে (বাংলায়) দাখিল করিতে হইবে। অত্র কার্যালয় হতে সরবরাকৃত নিধারির্ত সিডিউলে দরপত্র দাখিল করিতে হবে।

৩। পথ্য সরবরাহের ক্ষেত্রে রেশন দ্রব্যাদি তথা-চাউল, ডাল, চিনি, তৈল ইত্যাদি সরবরাহ পাওয়া গেলে রেশন রেটে মূল্য পরিশোধ করা হইবে। তবে এই ক্ষেত্রে মালামাল আনয়ন, পরিবহন ও আনুসাঙ্গিক খরচের জন্য ৫% অতিরিক্ত মূল্য হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক পরিশোধ করা হবে। বিশেষ কারণে রেশন দ্রব্যাদি পাওয়া না গেলে ঠিকাদারকে তাহার দাখিলকৃত বাজার দরে সরবরাহকৃত দ্রব্যের মূল্য দেওয়া হইবে; কিন্তু রেশন দ্রব্যাদি পাওয়া যাচ্ছে না- এই মর্মে অবশ্যই স্থানীয় খাদ্য নিয়ন্ত্রকের নিকট হতে সনদ দাখিল করতে হবে।

৪। পথ্য সরবরাহের ঠিকাদার কর্তৃক প্রত্যহ সকাল ৭ঃ৩০ ঘটিকার মধ্যে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক দেয় পথ্য চার্ট মোতাবেক রোগীদের নাস্তা সরবরাহ করতে হবে। সকাল ৯ঃ০০ ঘটিকার মধ্যে চাউল, মাছ, মাংস, তরকারিসহ অন্যান্য দ্রব্যাদি সরবরাহ করতে হবে। মনোহারী ও বিবিধ দ্রব্যাদি স্থানীয় কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক চাহিদা প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহ করতে হবে। এ ক্ষেত্রে আংশিক মালামাল গ্রহণযোগ্য হবে না। লিলেন সামগ্রী ধোলাইয়ের ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক কমপক্ষে সপ্তাহে ০২ (দুই) বার হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ও বিভাগ হইতে লিলেন সামগ্রী সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট আবাসিক চিকিৎসক কর্তৃক তাহা যথারীতি প্রত্যয়ন করে নিতে হবে। লিলেন সামগ্রী ০৩ (তিন) দিনের মধ্যে মানসম্মত ধোলাই, সাদা কাপড় উন্নত মানের নীল (লিকুইড) দ্বারা ধোলাই পূর্বক ইস্ত্রি কাজ সম্পন্ন করে উক্ত কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণ করতঃ ধোলাইকৃত লিলেন সামগ্রী সংশ্লিষ্ট ওয়ার্ড ও বিভাগের ইনচার্জকে যথারীতি বুঝিয়ে দিতে হবে।

৫। দরপত্র সিডিউলের প্রত্যেক আইটেমের দর অংকে ও কথায় স্পষ্ট ভাবে লিখতে হবে। মিথ্যা তথ্য/ক্রটিপূর্ন, প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর ব্যতিরেকে এবং দরপত্রে ফ্লুইড লাগানো/ঘষামাঝা/ওভার রাইটিং কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

৬। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ঠিকাদার নির্বাচিত হওয়ার পর কাজ শুরু করার পূর্বে (কার্যাদেশ প্রাপ্তির পূর্বে) ৩০০/- (তিনশত) টাকার নন - জুডিসিয়াল ষ্ট্যাম্পের উপর (নিজ ব্যয়ে) নিম্নস্বাক্ষরকারীর সহিত লিখিত চুক্তিপত্রে আবদ্ধ হতে হবে। স্ট্যাম্পের সাথে ঠিকাদারের ছবি সংযুক্ত করতে হইবে। ঠিকাদার নিযুক্তির পর কারো নিকট কাজ বিক্রি/ হস্তান্তর করা যাবে না ।

চলমান পাতা-২

৭। দরপত্র কমিটি যে কোন দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সর্বনিম্ন দরদাতার দর গ্রহণে কমিটি বাধ্য নহে। সর্বক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

৮। দরপত্র দাখিলের সময় খামের উপর বামপার্শ্বে প্রতিষ্ঠানের ঠিকানা এবং ডানপার্শ্বে বরাবর ,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর লিখতে হবে। খামের উপরিভাগে বড় অক্ষরে গ্রুপের নাম ও নং লিখতে হবে।

৯। ঠিকাদার হিসাবে নিয়োগপত্র ইস্যু (মনোনীত হওয়ার) প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে পথ্য সামগ্রী, ষ্টেশনারী ও বিবিধ দ্যব্যাদি সরবরাহ , লিলেন ধোলাইয়ের ক্ষেত্রে বিগত অর্থ বৎসরের ( ২০২১-২২ ) ব্যয়িত টাকার উপর ১০% হারে নিরাপত্তা জামানত যে কোন বাণিজ্যিক ব্যাংক হইতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুরের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। বায়নার টাকা দরপত্র কমিটির চূড়ান্ত সিদ্ধান্তের পর আবেদন পাওয়া সাপেক্ষে পিপিআর মোতাবেক ফেরত দেয়া হবে।

১০। সরকারী ৬৪(এ) কোন প্রকার দূর্নীতি প্রতারণা চক্রান্ত, জবরধস্তি কর্মকান্ডে সম্পৃক্ত হতে পারবেন না ; বিধি ৪ এর (ট) ধারা মোতাবেক অঙ্গীকারনামা/ স্বীকৃতিপত্র দাখিল করতে হবে।

১১। স্থানীয় কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক মালামল সরবরাহ করতে হবে। সর্বসময়ে সরবরাহকৃত মালামাল গুনগত মানসম্পন্ন হইবে; এবং সরবরাহকৃত দ্রব্যাদির গ্রহণযোগ্যতা সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। প্রয়োজন বোধে নির্বাচিত ঠিকাদার পরবর্তী অর্থ বৎসরের জন্য ঠিকাদার নিয়োগ না হওয়া পর্যন্ত পথ্য সামগ্রী, ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি সরবরাহ , লিলেন ধোলাইয়ের কাজ চালিয়ে যেতে বাধ্য থাকবেন। বিল পরিশোধের বিলম্বের জন্য সরবরাহ ও সেবা বন্ধ রাখা যাবে না।

১২। বরাদ্দ প্রাপ্তি /ব্যয় মঞ্জুরী সাপেক্ষে মালামালের সরবরাহ ও সেবা বিল পরিশোধ করা হবে। তৎসঙ্গে সরকারী বিধি মোতাবেক দাখিলকৃত বিল হইতে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। (অন্যান্য কর ও যদি থাকে)।

১৩। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল প্রকার দরপত্র গ্রহণ বা বাতিল করার পূর্ন ক্ষমতা সংরক্ষণ করেন। অনিবার্য কারণবশতঃ দরপত্র দাখিল / খোলার দিন পরিবর্তন কিংবা কোন সংশোধন প্রয়োজন হইলে, তাহ কার্যালয়ের বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৪। দরপত্র আগামী ০৫/০৯/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাজীগঞ্জ থানা,জেলা- চাঁদপুর এবং নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে সীলমোহরকৃত খামে গ্রহণ করা হইবে। এতদভিন্ন রেজিষ্টার্ড ডাকযোগে ও কুরিয়ার সার্ভিসযোগে দরপত্র দাখিল করিতে পারিবেন,তবে নির্দিষ্ট সময় সীমার মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালযে পৌছাইতে হইবে। একই দিন বেলা ১ঃ০০ ঘটিকার সময় দরপত্র উম্মুক্তকরণ কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

১৫। দরপত্রে উল্লেখিত শর্তাবলীর স্বীকৃতি স্বরুপ নিম্নে উল্লেখিত নমুনা অনুযায়ী (ফার্মের নিজস্ব প্যাডে) স্বাক্ষরসহ ঠিকাদারকে তাহার সীল-মোহর প্রদান করিয়া তাহা সিডিউলের সাথে দাখিল করিতে হইবে।

## স্বীকৃতি পত্র

আমি দরপত্রে উল্লেখিত সমস্ত শর্তাবলী সম্পর্কে সম্পূর্নরুপে জ্ঞাত হইয়া শর্তানুযায়ী দরপত্র দাখিল করিলাম। ঠিকাদার মনোনীত হইলে উক্ত শর্তাবলী যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিব। এই মর্মে প্রতিশ্রুতিসহ নিম্নে আমার স্বাক্ষর প্রদান করিলাম।

স্বাক্ষরঃ-

ঠিকাদারের ঠিকানাসহ সীলঃ

স্বাঃ

(ডাঃ মোঃ গোলাম মাওলা)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।
মোবাইল ০১৭৫৫-৬৬০৭৮৮

স্মারক নং উঃস্বাঃকমঃ / হাজী / চাঁদ/২০২২/ ১১৬৩/৯০

তারিখ ঃ ১১/০৮/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ সহকারী সচিব (হাসপাতাল-২, ৩ ও ৪ শাখা)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৩। পরিচালক (প্রশাসন) / পরিচালক (অর্থ) / পরিচালক (এমআইএস),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, চাঁদপুর।
৬। পুলিশ সুপার, চাঁদপুর।
৭। সিভিল সার্জন, চাঁদপুর।
৮। উপ-পরিচালক, দুর্নীতি দমন কমিশন , সমন্বিত আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।
৯। জেলা তথ্য কর্মকর্তা, চাঁদপুর।
১০। উপজেলা চেয়ারম্যান (সকল), চাঁদপুর জেলা, চাঁদপুর।
১১। মেয়র .................................... (সকল), চাঁদপুর জেলা, চাঁদপুর।
১২। উপজেলা নির্বাহী কমকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
১৩। অফিসার ইনচার্জ ,হাজীগঞ্জ থানা, জেলা-চাঁদপুর। আপনার কার্যালয়ে সরবরাহকৃত সিলমোহরকৃত দরপত্র বাক্সের মাধ্যমে আগামী ০৫/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।
১৪। আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাজীগঞ্জ, চাঁদপুর। ।
১৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
১৬। সভাপতি / সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, হাজীগঞ্জ, চাঁদপুর।
১৭। মেসার্স.............................................
১৮। প্রধান সহকারী/ হিসাবরক্ষক/ক্যাশিয়ার/ স্টোরকিপার, অত্র কার্যালয়।
১৯। নোটিশ বোর্ড / অফিস নথি।